

Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 26 April, 2025

রাজশাহীর পুঠিয়ার ঐতিহাসিক রাজবাড়ি জাদুঘর ঘুরতে এসে অতিরিক্ত তাপদাহের কারণে হিট স্ট্রোকে সুচিত্রা সূত্রধর(৪১) নামের এক নারীর মৃত্যু হয়েছে। সে নাটোর জেলার বড়াইগ্রাম থানার জুয়ারী গ্রামের মৃতঃ হারান সূত্রধরের মেয়ে। তার পরিচয় প্রথমে জানতে না পারলেও পরে মৃত্যুর আপন

ভাই শ্রী নিরঞ্জন মৃত দেহ দেখার পরে পরিচয় নিশ্চিত করেন।

শনিবার (২৬ এপ্রিল) দুপুর দুইটার দিকে পুঠিয়া রাজবাড়ি জাদুঘর মাঠে এ ঘটনা ঘটে। হঠাৎ এক নারীকে মাথা ঘুরে পড়ে যেতে দেখে অন্য দর্শনার্থীরা তার দিকে এগিয়ে আসলেও ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

স্থানীয়রা জানান, এক নারীর মৃত্যুর খবর শুনে সেখানে যেয়ে তার লাশ দেখতে পাই। তার সাথে কোনো আত্মীয়স্বজন ছিল না। পরে থানায় খবর দিলে পুলিশ এসে ওই নারীর লাশ পুঠিয়া হাসপাতালে নিয়ে যায়।

পুঠিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের (আবাসিক অফিসার) ডাঃ আলী মুস্তাফিজ জানান, অতিরিক্ত গরমের কারণে হিট স্ট্রোকে তার মৃত্যু হয়েছে, এমনটাই ধারণা করা হচ্ছে।

এ বিষয়ে পুঠিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. কবির হোসেন বলেন, ওই নারীর লাশ হাসপাতালে রাখা হয়েছে। তার পরিচয় প্রথমে জানতে না পারলেও পরে মৃত্যুর আপন

ভাই শ্রী নিরঞ্জন মৃত দেহ দেখার পরে পরিচয় নিশ্চিত করেন

হিট স্ট্রোক মৃত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 16:59

URL: <https://timestodaybd.com/public/rajshahi/1496757564>